বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২৭

তারিখ: ১০ আগস্ট ২০২৬ / ২৬ শ্রাবণ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

আয়কর আইন, ২০২৩ অনুযায়ী আমানতের বিপরীতে পরিশোধিত সুদ/মুনাফার উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন ও যথাসময়ে সরকারি কোষাগারে জমা প্রদান প্রসঙ্গে

সম্প্রতি বিভিন্ন ব্যাংক কর্তৃক আমানতের বিপরীতে পরিশোধিত সুদ/মুনাফার উপর উৎসে কর কর্তন এবং কর্তনকৃত কর নির্দিষ্ট সময়ের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদানের ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হচ্ছে। ব্যাংকসমূহ কর্তৃক উৎসে কর কর্তনের ক্ষেত্রে আইনানুগ হার ও অন্যান্য বিধান যথাযথভাবে অনুসরণ না করায় পরবর্তীতে কর সমন্বয় ও নিরীক্ষা কার্যক্রমে বিভিন্ন সমস্যার উদ্ভব হচ্ছে এবং অনেক ক্ষেত্রে সঠিকভাবে কর কর্তন না করায় সরকার রাজস্ব হারাচ্ছে।

২. এক্ষণে, আমানতের বিপরীতে পরিশোধিত সুদ/মুনাফার উপর প্রযোজ্য হারে উৎসে কর কর্তন এবং কর্তনকৃত কর যথাসময়ে সরকারি কোষাগারে জমা প্রদানের নিমিত্ত আয়কর আইন, ২০২৩ এর নিম্নবর্ণিত বিধানসমূহ পরিপালনে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো:

২.১. আয়কর আইন, ২০২৩ এর ধারা ১০২ অনুযায়ী ব্যাংক কর্তৃক গ্রাহকের সঞ্চয়ী আমানত, স্থায়ী আমানত, মেয়াদী আমানত বা অন্য কোনো আমানতের বিপরীতে পরিশোধিত সুদ/মুনাফার উপর প্রাপকের ধরন ভেদে প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে;

২.২. আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৪২ অনুযায়ী কর কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে করদাতা রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return বা PSR) উপস্থাপন করতে ব্যর্থ হলে উৎসে কর কর্তন বা সংগ্রহের হার প্রযোজ্য হার অপেক্ষা ৫০% (পঞ্চাশ শতাংশ) অধিক হবে;

২.৩. উৎসে কর বিধিমালা, ২০২৬ এর ধারা ৯ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক আইনের সপ্তম অংশের বিধান অনুসারে কর্তনকৃত অথবা সংগ্রহকৃত সকল অর্থ নিম্নবর্ণিত সারণী মোতাবেক সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে:

ক্রম	কর্তন ও সংগ্রহের সময়	সরকারি কোষাগারে জমাদানের তারিখ
ক.	অর্থ বৎসরের জুলাই থেকে মে মাসের যে কোনো কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে	কর্তন বা সংগ্রহের মাসের শেষে পরবর্তী ০২ (দুই) সপ্তাহের মধ্যে
খ.	অর্থ বৎসরের জুন মাসের ১ম থেকে ২০তম দিনের যে কোনো দিনের কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে	কর্তন বা সংগ্রহের দিনের পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে
গ.	অর্থ বৎসরের জুন মাসের অন্যান্য যে কোনো দিনের কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে	কর্তন বা সংগ্রহের পরবর্তী দিন
ঘ.	অর্থ বৎসরের জুন মাসের শেষ কর্মদিবসে কর কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে	কর্তন বা সংগ্রহের দিন

২.৪. ব্যাংক কর্তৃক কর্তনকৃত উৎসে কর কোনোভাবেই উৎসে কর বিধিমালায় বর্ণিত সময়সীমার বেশি জেনারেল লেজারে অথবা অন্য কোনো হিসাবে সংরক্ষণ না করে নির্ধারিত সময়ের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান, উৎসে কর কর্তন সংক্রান্ত তথ্য যথাযথভাবে সংরক্ষণ এবং প্রয়োজনীয় বিবরণী ও চালানের কপি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর দাখিল নিশ্চিত করতে হবে;

২.৫. এতদ্ব্যতীত, উৎসে কর কর্তন এবং সরকারি কোষাগারে জমা প্রদানের ক্ষেত্রে আয়কর আইন, ২০২৩ এবং উৎসে কর বিধিমালা, ২০২৬ এর হালনাগাদকৃত বিধানসমূহ যথাযথভাবে অনুসরণীয় হবে।

৩. ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোন: ৯৫৩০২৫২